



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২১.৩৮৭

তারিখ: ১ আষাঢ়, ১৪২৮

১৫ জুন ২০২১

বিষয়: জাল সনদের মাধ্যমে এমপিওভুক্ত হওয়ার বিষয়ে জনাব মো: ফারুক হোসেন এর বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: (এনটিআরসিএ) এর স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০. ০৯.০০১.২০-০৬ তারিখ : ০৩/০১/২০২১ খ্রি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০. ০৯.০০১. ২০-০৬ তারিখ : ০৩/০১/২০২১ খ্রি. এর পত্রে জাল সনদের মাধ্যমে এম.পি.ও ভুক্ত হওয়ার বিষয়ে প্রাপ্ত অভিযোগটি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশিতে প্রেরণ করেন। অভিযোগকারী জনাব মো: ফারুক হোসেন জানান যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলার তাহেরপুর পৌরসভার তাহেরপুর ডিগ্রি কলেজ এর সমাজকর্ম বিষয়ে জনাব মো: রাশেদুজ্জামান, পিতা : আখতারুজ্জামান গত ০৯/০৫/২০১৩ তারিখে যোগদান করেন এবং ২০১৮ সালের নভেম্বর মাসে অত্যন্ত গোপনীয়তার সাথে এম.পি.ও ভুক্ত হন। যার ইনডেক্স নং ৩০৯৮৩৭৮ এবং নিবন্ধন সনদটি জাল যার রোল নং ২২০৬০০৯৮।

অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য পরিচালক ও সহকারী পরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, অভিযোগটি তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত ২(দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-৬-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক(কলেজ-৩)

বিতরণ :

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সহকারী পরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী